

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 10-12-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Human Rights Day:

আজ মানবাধিকার দিবস। মানবাধিকার দিবস প্রতি বছর ১০ ডিসেম্বর পালিত হয়। ১৯৪৮ সালে এই দিনেই জাতিসংঘের সাধারণ পরিষদ সার্বজনীন মানবাধিকার ঘোষণা (UDHR) গৃহীত হয়েছিল। UDHR মানবাধিকার সুরক্ষা এবং প্রচারের জন্য একটি বৈশ্বিক মানদণ্ড হিসাবে কাজ করে। UDHR সেই অবিচ্ছেদ্য অধিকারগুলি ঘোষণা করে যা প্রত্যেকেরই - জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, ভাষা, রাজনৈতিক বা অন্য মতামত, জাতীয় বা সামাজিক উত্স, সম্পত্তি, জন্ম বা অন্যান্য অবস্থা নির্বিশেষে একজন মানুষ হিসাবে প্রাপ্য।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ মানবাধিকার দিবস উপলক্ষে নয়াদিল্লিতে জাতীয় মানবাধিকার কমিশন আয়োজিত একটি অনুষ্ঠানে ভাষণ দেবেন।

বিশ্ব মানবাধিকার দিবস: (State)

মানবাধিকার দিবস উপলক্ষ্যে রাজ্যেও নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মানবাধিকার মিছিল ও সভার মধ্য দিয়ে দিনটি পালন করবে হিউম্যান রাইটস অর্গানাইজেশন।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে যুবসমাজের রাজনীতিতে যোগ দেওয়ার এবং ২০৪৭ সালের মধ্যে একটি উন্নত ভারতের

রূপকল্প অর্জনের জন্য দেশের অগ্রগতিতে অবদান রাখার সময় এসেছে।

ভিডিও কনফারেন্সের মাধ্যমে আহমেদাবাদে রামকৃষ্ণ মঠ আয়োজিত অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন যে দেশকে তার যুবকদের রাজনীতি সহ অর্থনীতির প্রতিটি ক্ষেত্রে নেতৃত্ব দেওয়ার জন্য প্রস্তুত করতে হবে।

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল আগরতলার নন্দননগরে ভারতীয় খাদ্য নিগমের গুদাম পরিদর্শন করেন। পরিদর্শনকালে খাদ্য গুদামের মজুত খাদ্য সামগ্রীর গুণগতমান পরীক্ষার পরিকাঠামোও খতিয়ে দেখেন। তিনি বলেন, রাজ্যে এফ.সি.আই-এর গুদামে পরিকাঠামো ভালো, তবে গাড়িতে খাদ্য সামগ্রী তেলা ও নামানোর ক্ষেত্রে ক্ষেত্রে পুরনো পদ্ধতির বদল করে আধুনিক পদ্ধতি চালু করা প্রয়োজন। রাজ্যপাল রাজ্যে খাদ্য সামগ্রী আরো বেশী করে মজুতের উপর গুরুত্ব আরোপ করেন।

TB-Sepahiajala :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল রাজ্যভিত্তিক টি.বি মুক্ত ভারত অভিযানের ১০০ দিনের প্রচার কর্মসূচির সূচনা করেন। এ উপলক্ষ্যে সিপাহীজলা জেলার বিশালগড় টাউন হলে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী যক্ষ্মা নির্মূলীকরণের লক্ষ্যে জন সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন।

Next Governor for RBI:

রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়াৰ পৰবৰ্তী গভৰ্নৰ হবেন সঞ্জয় মালহোত্ৰা। কেন্দ্ৰীয় মন্ত্ৰিসভাৰ নিয়োগ কমিটি তাৰ নাম অনুমোদন করেছে। চলতি মাসেৰ ১১ তাৰিখ থেকে তিন বছৰেৰ জন্য তাকে এই পদে নিয়োগ দেওয়া হয়েছে। মালহোত্ৰা শক্তিকান্ত দাসেৰ স্থলাভিষিক্ত হবেন।

PM, Bima Sakhi :

প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদী গতকাল হৰিয়ানাৰ পানিপথে মহিলাদেৰ মধ্যে আৰ্থিক সাক্ষৰতা এবং বীমা সচেতনতা প্ৰচাৰেৰ জন্য বীমা সখী যোজনা চালু কৰেছে। লাইফ ইন্স্যুৰেন্স কৰ্পোৰেশন অফ ইন্ডিয়াৰ এই উদ্যোগটি ১৮ থেকে ৭০ বছৰ বয়সী মহিলাদেৰ ক্ষমতায়ন কৰবে। এৰ দশম শ্ৰেণী উত্তীৰ্ণদেৰ প্ৰথম তিন বছৰেৰ জন্য বিশেষ প্ৰশিক্ষণ এবং বৃত্তি দেয়া হবো। অনুষ্ঠানে প্ৰধানমন্ত্ৰী সম্ভাব্য বীমা সখীদেৰ নিয়োগ সনদপত্ৰ বিতৰণ কৰেন।

Sushanta-Neermahal :

পৰ্যটন মন্ত্ৰী সুশান্ত চৌধুৰী গতকাল মেলাঘৰেৰ ৰাজঘাটে প্ৰমো ফেষ্টি এৰ উদ্বোধন কৰেন। অনুষ্ঠানে তিনি বলেন, আগামী দু বছৰেৰ মধ্যে ৰাজ্যেৰ পৰ্যটন ক্ষেত্ৰেৰ ব্যাপক উন্নয়ন হবো। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলা জিলা পৰিষদেৰ সভাধিনেত্ৰী সুপ্ৰিয়া দাস দত্ত, বিধায়ক তফাজ্জল হোসেন, বিন্দু দেবনাথ, কিশোৰ বৰ্মন প্ৰমুখ। পৰ্যটনমন্ত্ৰীৰ উপস্থিতিতে নীৰমহলে পুনৰায় চালু হয় লাইট অ্যান্ড সাউন্ড শো। তাছাড়া এই প্ৰমো ফেষ্টি উপলক্ষে ৰুদ্ৰসাগৰেৰ ৰাজঘাটে অনুষ্ঠিত হয়েছে ফুড ফেষ্টিবল, ক্যানভাস পেণ্টিং সহ বিভিন্ন গ্ৰামীন খেলা।

Paddy procurement-Sabroom :

আগামী ১৯শে ডিসেম্বর থেকে সাব্রুম মহকুমার তিনটি স্থানে রাজ্য সরকার সহায়ক মূল্যে কৃষকদের কাছে ধান ক্রয় করবে। এর প্রস্তুতির জন্য আজ বিধায়ক মাইলাফরু মগের পৌরাহিত্যে মহকুমা শাসকের কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়।

Weather :

আবহাওয়ার পূর্বাভাষে জানানো হয়েছে আকাশ অংশত মেঘাচ্ছন্ন থাকবে। ভোরের দিকে মাঝারি থেকে ঘন কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে।

রাজ্যের কিছু জায়গায় ভোরের দিকে ঘন কুয়াশার জন্য দৃশ্যমানতা কমে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে।

সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রী এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ১৪ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস।
